

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৪১

আগরতলা, ২ মার্চ, ২০২৪

### ৪২তম আগরতলা বইমেলা

#### কবি সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান

৪২তম আগরতলা বইমেলা আজ একাদশতম দিনে কবিতা মঞ্চে অন্যান্য ভাষাভাষির ১৯ জন কবি তাদের স্বরচিত কবিতা পাঠ করেন। কবি সম্মেলন সঞ্চালনা করেন ওয়াংখেম বীরমঙ্গল। আজ কবিতা মঞ্চে ‘বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মজয়ন্তী’ শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে অংশ নেন বিশিষ্ট লেখক ড. আশীষ কুমার বৈদ্য ও বিশিষ্ট সংগীত শিল্পী অরিন্দম রায় চৌধুরী। বইমেলায় এদিন এন সি দেববর্মা মঞ্চে শাস্ত্রীয় সংগীত, আবৃত্তি, পঞ্চকবির গান, সমবেত নৃত্য, সমবেত সংগীত ও একক সংগীত এবং জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী হজাগিরি ও চেরো নৃত্য পরিবেশিত হয়। তাছাড়াও ত্রিবেণী নাট্যমের শিল্পীরা নাটক মঞ্চস্থ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান সঞ্চালনা করেন শিল্পী সপ্তদীপ ঘোষ বণিক। বইমেলায় একাদশতম দিনে কবিতামঞ্চে অনুষ্ঠিত হয় কুইজ প্রতিযোগিতা। কুইজ প্রতিযোগিতায় অংশ নেয় শ্রী অরবিন্দ মহাবিদ্যালয়, হলিক্রস কলেজ, ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজি ও মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা। কুইজ প্রতিযোগিতা সঞ্চালনা করেন ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভ্রজিৎ ভট্টাচার্য।

\*\*\*\*\*